যে কেবল   পালিয়ে বেড়ায়,   দৃষ্টি এড়ায়, ডাক দিয়ে যায় ইঙ্গিতে,
সে কি আজ   দিল ধরা   গন্ধে-ভরা   বসন্তের এই সঙ্গীতে ॥
ও কি তার   উত্তরীয় অশোকশাখায় উঠল দুলি।
আজ কি   পলাশবনে ওই সে বুলায় রঙের তুলি।
ও কি তার   চরণ পড়ে তালে তালে মল্লিকার ওই ভঙ্গীতে ॥
না গো না,   দেয় নি ধরা,   হাসির ভরা দীর্ঘশ্বাসে যায় ভেসে।
মিছে এই   হেলা-দোলায়   মনকে ভোলায়,   ঢেউ দিয়ে যায় স্বপ্নে সে।
সে বুঝি   লুকিয়ে আসে বিচ্ছেদেরই রিক্ত রাতে,
নয়নের   আড়ালে তার   নিত্য-জাগার   আসন পাতে—
ধেয়ানের বর্ণছটায় ব্যথার রঙে মনকে সে রয় রঙ্গিতে ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Pilu-Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail